17

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 JUL 1998 ... ...
পৃঃ ৩ কলাম ... 7 ....

# বৃহত্তর ফরিদপুরে ৬০৩টি স্কুলের মধ্যে ৪৪৫টিতে গ্রন্থাগার নাই

শরীয়তপুর সংবাদদাতা ॥ বৃহত্তর ফরিদপুরের ৫টি জেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয়ে গ্রন্থাগার নাই। পূর্বে কোন কোন বিদ্যালয়ে গ্রন্থাগার স্থাপিত হইলেও সংরক্ষণের উদ্যোগ ও পৃষ্ঠপোষকতার অভাবে ঐগুলি ধ্বংসের মুখে আসিয়া দাঁড়াইয়াছে।

একটি সাংস্কৃতিক প্রতিষ্ঠানের হিসাবে (১৯৯৬ পর্যন্ত) দেখা যায়, বৃহত্তর ফরিদপুর জেলায় মোট ৬ শত ৩টি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয় রহিয়াছে। তন্মধ্যে ১৮টি সরকারী ৪৪১টি বেসরকারী ও ১৪৪টি জুনিয়র হাইস্কুল। এই সকল বিদ্যালয়ের মধ্যে ৪৪৫টিতে কোন গ্রন্থাগার নাই। আর অবশিষ্ট বিদ্যালয়গুলিতে নামমাত্র গ্রন্থাগার থাকিলেও অর্থাভাবে তাহা বন্ধ হওয়ার উপক্রম হইয়াছে। ইতিমধ্যে বহু পুরাতন ও ঐতিহ্যবাহী মাধ্যমিক বিদ্যালয়ের পাঠাগার বিলুপ্ত হইয়া গিয়াছে। ১৯৮৮ সালের ভয়াবহ বন্যায় ২৩৬টি বিদ্যালয়ের লাইব্রেরী ও বইপত্র বিনষ্ট হয়। ঐগুলি আর পুনঃস্থাপিত হয় নাই। জেলা সদর ও থানা সদরের কয়েকটি বিদ্যালয়ে উল্লেখযোগ্য সংখ্যক বই থাকিলেও কোন লাইব্রেরিয়ান নাই।